



সমৃদ্ধি কর্মসূচি

পটভূমি

জনজীবনে টেকসই উন্নয়নের জন্যে আর্থিক স্বচ্ছতার পাশাপাশি সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড যুক্ত থাকা অত্যন্ত জরুরী। কারসার গ্রাহিক সময় থেকে বিভিন্ন সামাজিক উদ্যোগ গ্রহণ করে স্থানীয় মানুষের সাংস্কৃতিক চৈতন্যে পরিবর্তন আনার প্রচেষ্টা চালিয়ে আসছে। এই ধারাবাহিকতার সাথে পিকেএসএফ-এর সহযোগিতায় কারসা মাদারীপুর জেলার কালকিনি উপজেলার আলীনগর ইউনিয়নে “দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি” (সমৃদ্ধি) কর্মসূচি শুরু করে।

সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ এন্ড সোসাল অ্যাকশন (কারসা) আলীনগর ইউনিয়নে ১৯৯৬ সাল থেকে ক্ষুদ্রঝণ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ক্ষুদ্রঝণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে দারিদ্র্য বিমোচন করতে গিয়ে কারসা উপলক্ষ্মি করেছে যে, প্রকৃত অর্থে দারিদ্র্য বিমোচনের জন্য পুষ্টি, স্বাস্থ্য, শিক্ষাসহ দরিদ্র মানুষের জীবন ও জীবিকা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়গুলো নিয়ে সমর্পিত কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন। এই প্রেক্ষাপটে কারসা ২০১২ সালে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক সহযোগিতায় দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচির আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের কাজ শুরু করে, যা চলমান রয়েছে।

সমৃদ্ধি কর্মসূচির আওতাধীন চলমান কার্যক্রম

- ১। স্বাস্থ্য কার্যক্রম
- ২। শিক্ষা কার্যক্রম
- ৩। যুব উন্নয়ন কার্যক্রম
- ৪। বিশেষ সঞ্চয় কার্যক্রম
- ৫। সমৃদ্ধি কেন্দ্রঘর স্থাপন ও সমন্বয় সভার আয়োজন
- ৬। অসহায় জনগোষ্ঠীকে মূল ধারায় অর্তভূক্তিমূলক কার্যক্রম (ভিক্ষুক পুনর্বাসন)
- ৭। সমৃদ্ধি ঝণ কার্যক্রমের আওতায় আয়-বৃদ্ধিমূলক প্রশিক্ষণ
- ৮। প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি

জাতীয় ও আন্তর্জাতিক দিবস-২০২৩ উদ্যাপন

আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২২

২ ডিসেম্বর ২০২২ তারিখে উপজেলা প্রশাসন ও দুর্নীতি বিরোধী কমিটি কর্তৃক পালিত আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবসের মানব বদ্ধন ও আলোচনা অনুষ্ঠানে অশ্বগ্রহণ করে কারসা। আলোচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), কারসার উপজেলা দুর্নীতি বিরোধী কমিটির সভাপতি ও অন্যান্য সরকারী অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



জাতীয় সমাজসেবা দিবস-২০২৩

২ জানুয়ারি ২০২৩ তারিখে আলীনগর ইউনিয়নের প্রবীণ ও নবীনদের সমবয়ে পালিত হয় “জাতীয় সমাজসেবা দিবস-২০২২। দিবসটি পালনের শুরুতে একটি র্যালী করা হয়। র্যালির অবস্থাগে ছিলেন প্রবীণ কমিটির সভাপতি জনাব আলী আহসান, কমিটির সাধারণ সম্পাদক জনাব বাবু হরিপদ দাস, বাংলাদেশ আওয়ামী লীগ আলীনগর ইউনিয়ন শাখার সভাপতি জনাব আনোয়ার হোসেন মাষ্টার ও প্রবীণ কমিটির সহ-সভাপতি জনাব, আঃ রব সরদার।



র্যালী শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বক্তারা দিবসের প্রতিপাদ্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।



সদস্য প্রশিক্ষণ

আলোচ্য অর্থবছরে পিকেএসএফ-এর অর্থায়নে গরু মোটাজাকরণ ও সবজী চাষে আগ্রহী ১০০ জন সদস্যকে ১ দিনের প্রশিক্ষণ দেয়া হয়েছে।
প্রশিক্ষণ শেষে তাদের মধ্যে খাগ বিতরণ করা হয়।

